জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মত বিনিময় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ কে মহিউদ্দিন আহমদ, মহাপরিচালক, বিপিআই। |
| সভার তারিখ | : | ২৪/১২/২০২০। |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইন সিষ্টেম (জুম) |
| উপস্থিতি | : | রেকর্ডেড। |

শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় উত্তম চর্চার বিষয়ে উপস্থাপনা প্রদানের জন্য অনুরোধ জানান।

২। জনাব মো: সাহিদুজ্জামান উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উত্তম চর্চার আওতায় বিপিআই কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ দেন। চলমান অনলাইন সিষ্টেম (জুম) প্রশিক্ষণ কার্যক্রম অবহিতকরণ, ফায়ার ফাইটিং বিষয়ে সচেতনতা তৈরী, মুজিব বর্ষ উপলক্ষে বিভিন্ন কার্যক্রমের স্থির/ভিডিও চিত্রের পাশা-পাশি বিপিআই এর লাইব্রেরিতে মুজিব কর্ণার স্থাপনসহ সরকারি নির্দেশনার আলোকে কর্মস্থলে স্বাস্থ্যবিধি অনুসরনের বিষয়াবলি গুরুত্বের সাথে তুলে ধরা হয়।

৩। এ পর্যায়ে সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় উত্তম চর্চার বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করার লক্ষ্যে প্রত্যেক প্রতিষ্ঠান থেকে উপস্থিত প্রতিনিধিদের অভিজ্ঞতার বর্ণনা দিতে অনুরোধ করেন।

৪। আলোচনায় অংশ নিয়ে জনাব মাহাদী হাসান, উপপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম অনুযায়ী উত্তম চর্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহ বর্ণনা করেন। যেমন :

* ডিজিটাল হাজিরার মাধ্যমে কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ;
* কমন সার্ভারের মাধ্যমে সকল নথিপত্র দেখার ব্যবস্থা;
* ছাদ বাগান করা;
* সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করা;
* কোভিড'১৯ চলাকালে দর্শনার্থীদেরকে রিসেপশনে বসার ব্যবস্থা করা; এবং
* কোভিড'১৯ চলাকালে পুরো অফিসের পরিস্কার পরিচ্ছন্নতার দিকে সজাগ দৃষ্টি রাখা।

৫। আলোচনায় অংশ নিয়ে জনাব শাহানা বেগম, ডিজিএম, পেট্রোবাংলা উত্তম চর্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা করেন। যেমন :

* উত্তম চর্চার অংশ হিসেবে অবসরপ্রাপ্ত কর্মচারীদের বসার জন্য অপেক্ষা কক্ষ তৈরী করা হয়েছে। এক সপ্তাহের মধ্যে তাঁদের সমস্ত পাওনা বুঝিয়ে দেয়ার ব্যবস্থা করা ;
* কোভিড'১৯ চলাকালে দর্শনার্থী/কর্মচারীদের শরীর/ব্যাগ জীবানুমুক্ত এবং তাপমাত্রা পরীক্ষাকরণ।

৫। এ পর্যায়ে জনাব আকতার হোসেন, ডিজিএম, মেঘনা পেট্রোলিয়াম লি: বলেন তাঁর প্রতিষ্ঠানে পেট্রোবাংলার অনুরুপ থার্মাল মিটার ও স্যানিটাইজার ব্যবহৃত হচ্ছে তা ছাড়া ডিজিটাল হাজিরার মাধ্যমে আইডি কার্ড পাঞ্চ করে কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ;

* সেবা গ্রহীতাদের জন্য সুপেয় পানি ও আপ্যায়নের ব্যবস্থা;
* অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের গ্র্যাচুয়িটি ও অন্যান্য পাওনা ২ সপ্তাহের মধ্যে বুঝিয়ে দেয়া, প্রয়োজন হলে তাঁদের বাসায় চেক পৌঁছিয়ে দেয়ার ব্যবস্থা করা ;
* কোভিড'১৯ চলাকালে দর্শনার্থীদেরকে রিসেপশনে বসার ব্যবস্থা করা এবং জীবানুমুক্ত হয়ে দর্শনপ্রদানকারীর নিকট যাওয়ার ব্যবস্থা করা;
* কোভিড'১৯ চলাকালে যানবাহনসহ অফিস দৈনিক ৫বার স্যানিটাইজেশন করা হয়ে থাকে।

৬। জনাব সাইফুল আলম, ডিজিএম, পদ্মা অয়েল কোম্পানি লি: উত্তম চর্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা করেন। তিনি বলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন অন্যান্য প্রতিষ্ঠানের মত তাঁরাও কোভিড'১৯ মহামারি চলাকালীন স্বাস্থ্য বিধি অনুসরন, পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এবং প্রাসঙ্গিক নির্দেশনা (No Mask, No Service) প্রতিপালন করছেন। তাছাড়া অতিথি ও সেবা গ্রহীতাদের অপেক্ষাগার ও আপ্যায়নের ব্যবস্থাসহ অবসরপ্রাপ্ত কর্মচারীদের দ্রুত পেনশন সুবিধা প্রদান করা হচ্ছে। যথা :

* শুদ্ধাচারের  বিষয়ে সভা/প্রশিক্ষণ আয়োজন;
* কোভিড'১৯ চলাকালে নেয়া পদক্ষেপ যেমন:

ডাইনিং রুমে ৬ চেয়ার ফাঁকা রেখে বসা এবং খাওয়ার ব্যাচের সংখ্যা বৃদ্ধি করা।

৭। আলোচনায় অংশ নিয়ে ডিজিএম (এইচ.আর), যমুনা অয়েল কোম্পানি লি: উত্তম চর্চার অংশ হিসেবে তাঁর প্রতিষ্ঠান কর্তৃক মেঘনা পেট্রোলিয়াম লি: এর মত বিনামূল্যে মাস্ক বিতরণ, স্বাস্থ্য বিধি অনুসরণ এবং ডাইনিং রুমে দুরত্ব বজায় রাখার ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়াও তাঁরা বিদ্যুৎ, পানি ও গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হতে সচেষ্ট আছেন বলে জানান।

৮। আলোচনায় অংশ নিয়ে ডিজিএম, আরপিজিসিএল উত্তম চর্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা প্রসঙ্গে বলেন যে, অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে তাদের কাজের অনেক ক্ষেত্রে মিল রয়েছে। তবে উল্লেখযোগ্য ব্যবস্থার মধ্যে আছে:

(১) সিএনজি ষ্টেশন গুলোতে No Mask No Service এর ব্যবস্থা নিশ্চিত করা এবং
(২) কর্মকর্তা ও কর্মচারী এবং যানবাহন যত-বার বাহিরে যায় তত-বার রেজিষ্টারে লিপিবদ্ধ করা ।

৯। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে যথাক্রমে (ক) জনাব মো: যোবায়ের হাসান, ব্যবস্থাপক, বিপিসি (খ) উপপরিচালক, জিএসবি (গ) জনাব মো: জসিম উদ্দীন, জিএম, জালালাবাদ গ্যাস কোম্পানি লি এবং (ঘ)  : জনাব মো: ফখর উদ্দীন, ব্যবস্থাপক, সুন্দরবন গ্যাস কোং লি: আলোচনায় অংশ গ্রহণ করেন। এ সকল প্রতিষ্ঠানের উত্তম চর্চার বিবরণ অন্যান্য প্রতিষ্ঠানের অনুরূপভাবে পরিচালিত হয় মর্মে পরিলক্ষিত হয়।

১০। জনাব মাহবুবা খাতুন, সহকারী পরিচালক, বিএমডি উত্তম চর্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা করেন। তার মধ্যে উল্লেখযোগ্য হলো

* কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দূর্নীতি বিরোধী ষ্টিকার বিতরণ, অফিসে ও যানবাহনে তা সংযোজন।

১১। জনাব সাইফুদ্দিন, ব্যবস্থাপক, বাপেক্স উত্তম চর্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা করেন। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো স্বচ্ছতা ও জবাবদিহিতার অংশ হিসেবে কোম্পানির তথ্য-উপাত্ত স্থাপিত ডিসপ্লেতে প্রদর্শন।

১২। জনাব প্রদ্যুৎ কুমার সাহা, জিএম, কর্ণফুলি গ্যাস কোং লি: উত্তম চর্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা করেন।

* পাইপলাইন লিক ডিটেকশন পরিদর্শন ও ব্যবস্থা গ্রহণ;
* অবৈধ সংযোগ আছে কিনা তা পরিদর্শন;
* ওয়ান স্টপ সার্ভিস চালুকরণ;
* পাইপলাইন সার্ভিলেন্স টিম গঠন; এবং
* যে কোন দূর্ঘটনায় দ্রুত সাড়াপ্রদানকারী দল (কুইক রিসপন্স টিম) গঠন ।

১৩। এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই সভায় অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের ধন্যবাদ জানান এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম অনুযায়ী উত্তম চর্চার বিষয়ে গৃহীত বিভিন্ন পদক্ষেপের বর্ণনা করেন। তিনি উত্তম চর্চার বিষয়কে দুভাগে ভাগ করা যায় মর্মে মতামত প্রদান করেন। যেমন :

১। APA এবং শুদ্ধাচার কার্যক্রমের আওতায় অত্যাবশ্যক উত্তম চর্চা;
২। ইনোভেশনের আওতায় উত্তম চর্চা।

তিনি এ দুটি ধারার উত্তম চর্চার উদাহরন দিয়ে পার্থক্য তুলে ধরেন।

১৪। সভাপতি সভায় উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদেরকে উত্তম চর্চার আওতায় গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনার জন্য ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে আরও নতুন উত্তম চর্চা করার আশাবাদ ব্যক্ত করেন। কোন প্রতিষ্ঠান এরকম উত্তম চর্চার বিষয়ে সভা আহবান করলে বিপিআই তাতে সানন্দে অংশগ্রহণ করবে বলেও তিনি অভিমত ব্যক্ত করেন।

১৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/
(এ কে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮-৫৭৩

তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২০
১৩ পৌষ, ১৪২৭

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,ঢাকা (সদয় অবগতির জন্য)।

[দৃষ্টি আকর্ষণ : যুগ্ম সচিব (প্রশাসন)]

২) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (সদয় অবগতির জন্য)।

৩) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) (সদয় অবগতির জন্য)।

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
৫) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৬) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট।

৭। জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, প্রধান বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
৯) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লি: (বাপেক্স)।
১০) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
১১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড।
১২) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।

১৩) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)।
১৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।
১৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড।
১৭) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড।
১৮) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।
১৯) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড।
২০) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড।
২১) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল)।
২২) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড।
২৩) ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
২৪) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানি লিমিটেড।
২৫) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড।
২৬) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড।
২৭) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড।

২৮। জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৯। জনাব মো: সাহিদুজ্জামান, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩০। জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩১। জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৮.০২.২০২২

(এ কে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪